Annual Report

2016-2017



বাংলাদেশ শিপিং কর্পোরেশন

আপনার পণ্য ও শুভেচ্ছা দুই-ই বহন করে

Bangladesh Shipping Corporation

Carries your goods and goodwill



জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রচেষ্টায় স্বাধীনতা-উত্তর বাংলাদেশে (১০-০৬-১৯৭২ খ্রি:)
বিএসসি'র বহরে সংযোজিত জাতীয় পতাকাবাহী প্রথম জাহাজ "বাংলার দূত"।

"গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করছি
সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা, বঙ্গবন্ধু
শেখ মুজিবুর রহমানকে
যিনি ১৯৭২ সালের ৫ ফেব্রুয়ারি
'বাংলাদেশ শিপিং কর্পোরেশন' প্রতিষ্ঠা করেন এবং
নৌ-সেক্টরের গুরুত্ব অনুধাবন করে নৌপরিবহন
মন্ত্রণালয়কে নিজের অধীনে রেখে এ-সংস্থার প্রারম্ভিক
উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখেন।"





মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১৫ এপ্রিল ২০১৭ তারিখ
বিএসসি টাওয়ার উদ্বোধন করেন।

بسم الله الرحمن الرحيم



প্রধানমন্ত্রী
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

০১ কার্তিক ১৪২৪
১৬ অক্টোবর ২০১৭

বাণী

বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি)-এর ৪০তম বার্ষিক সাধারণ সভা (এজিএম) অনুষ্ঠিত হতে যাচ্ছে জেনে আমি আনন্দিত। এ উপলক্ষ্যে আমি সংশ্লিষ্ট সকলকে শুভেচ্ছা জানাচ্ছি।

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আন্তর্জাতিক নৌ-বাণিজ্যের গুরুত্ব অনুধাবন করে 'বাংলাদেশ শিপিং কর্পোরেশন' প্রতিষ্ঠা করেন। আওয়ামী লীগ সরকার নৌপরিবহন খাতের উন্নয়নের জন্য নতুন নতুন প্রকল্প বাস্তবায়ন করেছে। বর্তমান সরকারের সময়ে শিপিং কর্পোরেশনকে আরও আধুনিক ও গতিশীল করতে নিজস্ব বহুতল ভবন নির্মাণ করা হয়েছে এবং একটি সুষম বাণিজ্যিক জাহাজ বহর সৃষ্টির পরিকল্পনা হাতে নেওয়া হয়েছে।

আমি আশা করি, 'বাংলাদেশ শিপিং কর্পোরেশন' আন্তর্জাতিক বাণিজ্য বৃদ্ধি ও কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে দেশের আর্থ-সামাজিক উন্নয়নে আরও বেশী অবদান রাখবে।

আমি বাংলাদেশ শিপিং কর্পোরেশনের উত্তরোত্তর সাফল্য কামনা করি এবং বিএসসি'র ২০১৬-২০১৭ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশের উদ্যোগকে স্বাগত জানাই।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।


শেখ হাসিনা



মাননীয় নৌপরিবহন মন্ত্রী জনাব শাজাহান খান, এমপি ২৭ জুলাই ২০১১ তারিখ 'বিএসসি টাওয়ার'-এর নির্মাণ কাজ শুভ উদ্বোধন করেন।



বর্তমান সরকারের সহযোগিতায় ও মাননীয় নৌপরিবহন মন্ত্রীর উদ্যোগে নির্মাণাধীন ৬টি জাহাজের (৩টি প্রোডাক্ট অয়েল ট্যাংকার ও ৩টি বাল্ক ক্যারিয়ার) মধ্যে একটি জাহাজের নমুনা ছবি।



মন্ত্রী
নৌপরিবহন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ও
চেয়ারম্যান
বিএসসি বোর্ড অব ডাইরেক্টরস্

বাণী

বাংলাদেশ শিপিং কর্পোরেশনের ২০১৬-১৭ অর্থবছরের ৪০তম বার্ষিক সাধারণ সভা উপলক্ষ্যে একটি বার্ষিক প্রতিবেদন প্রকাশিত হচ্ছে জেনে আমি খুবই আনন্দিত।

আমি শ্রদ্ধার সাথে স্মরণ করছি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে; যাঁর ব্যক্তিগত উদ্যোগ ও পৃষ্ঠপোষকতায় ১৯৭২ সনের ফেব্রুয়ারি মাসে 'বাংলাদেশ শিপিং কর্পোরেশন' প্রতিষ্ঠিত হয়। এ প্রতিষ্ঠানের মুখ্য উদ্দেশ্য হলো আন্তর্জাতিক নৌ-পথে নিরাপদ ও দক্ষ শিপিং সেবা প্রদান করার মাধ্যমে দেশের আর্থ-সামাজিক উন্নয়নে ভূমিকা রাখা। এর ধারাবাহিকতায় আজও প্রতিষ্ঠানটি বাণিজ্যিক কার্যক্রম সফলতার সাথে পরিচালনা করে আসছে। বিগত কয়েক বছরে বিশ্বব্যাপী শিপিং ব্যবসায় অব্যাহত মন্দার মধ্যেও সীমিত সংখ্যক জাহাজের বহর নিয়ে বাণিজ্যিক কার্যক্রম পরিচালনার মাধ্যমে ২০১৬-১৭ অর্থ বছরে বিএসসি নীট লাভ করতে সক্ষম হওয়ায় আমি বিএসসি-কর্তৃপক্ষকে সাধুবাদ জানাচ্ছি।

বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা, মাননীয় প্রধানমন্ত্রী, জননেত্রী শেখ হাসিনার বলিষ্ঠ নেতৃত্বে সামগ্রিক উন্নয়নের ধারাবাহিকতায় বিএসসি'র উন্নয়নে নানাবিধ পদক্ষেপ নেয়া হয়েছে। ইতোমধ্যে বৈদেশিক ঋণ-সহায়তায় ০৬টি নতুন জাহাজ (৩টি প্রোডাক্ট অয়েল ট্যাংকার ও ৩টি বাল্ক ক্যারিয়ার) ক্রয় প্রকল্পের ঋণচুক্তি সম্প্রতি সম্পন্ন হয়েছে। আশা করছি, উক্ত জাহাজগুলো শীঘ্রই বিএসসি'র বহরে যুক্ত হবে। পাশাপাশি বিএসসি'র নিজস্ব অর্থায়নে কমপক্ষে ৩৪০০০ ডিডব্লিউটি-সম্পন্ন ১টি প্রোডাক্ট/কেমিক্যাল, ক্রুড অয়েল ট্যাংকার ক্রয় বাস্তবায়ন ছাড়াও বৃহত্তর প্রয়োজনে বেশ কয়েকটি জাহাজ ক্রয়-সংক্রান্ত প্রকল্প গ্রহণ করা হয়েছে। এসব জাহাজ সংযোজনের পাশাপাশি নতুন উদ্যোগ বাস্তবায়নের মধ্য দিয়ে বিএসসি'র বাণিজ্যিক কার্যক্রমে গতিশীলতা আসবে। এছাড়াও ২০১৭ সালের ১৫ এপ্রিল মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধনকৃত নবনির্মিত ঢাকাস্থ 'বিএসসি টাওয়ার' বিএসসি-র উন্নয়নে একটি উল্লেখযোগ্য মাইলফলক, যা বিএসসি-কে একটি নতুনতর স্তরে উন্নীত করেছে।

আমি আশা করি, সম্মানিত শেয়ারহোল্ডারগণের মূল্যবান পরামর্শ ও দিক-নির্দেশনা এবং বাংলাদেশ শিপিং কর্পোরেশনের কর্মকর্তা-কর্মচারীগণের নিরলস পরিশ্রমের মাধ্যমে এ-প্রতিষ্ঠানের উন্নতি অব্যাহত থাকবে।

আমি বাংলাদেশ শিপিং কর্পোরেশনের সার্বিক সাফল্য কামনা করছি।

মাননীয় প্রধানমন্ত্রী ও জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে শান্তি, গণতন্ত্র, উন্নয়ন ও সমৃদ্ধির পথে বাংলাদেশ দুর্বার গতিতে এগিয়ে যাচ্ছে। বাংলাদেশ এগিয়ে যাবে, ইনশাআল্লাহ।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

শাজাহান খান, এমপি



সভাপতি
'নৌপরিবহন মন্ত্রণালয়'-সম্পর্কিত
সংসদীয় স্থায়ী কমিটি

বাণী

বিএসসি'র ২০১৬-১৭ অর্থবছরের ৪০তম বার্ষিক সাধারণ সভা উপলক্ষ্যে একটি বার্ষিক প্রতিবেদন প্রকাশের উদ্যোগকে আমি স্বাগত জানাই।

স্বাধীন বাংলাদেশের স্থপতি, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আন্তর্জাতিক বাণিজ্যে নৌ-বাণিজ্যের গুরুত্ব অনুধাবন করে জাতীয় পতাকাবাহী সংস্থা 'বাংলাদেশ শিপিং কর্পোরেশন' প্রতিষ্ঠা করেন। তাঁর সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার গতিশীল নেতৃত্বে নতুন প্রাণের সঞ্চার ঘটেছে দীর্ঘদিনের অবহেলিত বিএসসি'র কার্যক্রমে। তাঁরই উদ্যোগে বিএসসি'র উন্নয়নে ইতোমধ্যে জাহাজ সংগ্রহ-সহ নানাবিধ উন্নয়ন প্রকল্প গ্রহণ করা হয়েছে; যার ধারাবাহিকতায় বিএসসির ঢাকাস্থ নিজস্ব জমিতে বহুতল বাণিজ্যিক ভবন নির্মাণ প্রকল্পের কাজ সম্পন্নপূর্বক মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হয়েছে।

তাছাড়া, বৈদেশিক অর্থায়নে ৬টি নতুন জাহাজ (৩টি বাল্ক ক্যারিয়ার ও ৩টি প্রোডাক্ট অয়েল ট্যাংকার) ক্রয় প্রকল্পের ঋণচুক্তি স্বাক্ষরিত হয়েছে। আশা করছি, অচিরেই জাহাজগুলো বিএসসি'র বহরে সংযোজিত হবে। এছাড়াও আন্তর্জাতিক ও অভ্যন্তরীণ বাণিজ্যে পণ্য পরিবহনে জাহাজের ভবিষ্যৎ চাহিদা বিবেচনায় আরো বেশ কয়েকটি জাহাজ ক্রয়ের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে; যা "রূপকল্প ২০২১" ও "রূপকল্প ২০৪১" বাস্তবায়নে সহায়ক ভূমিকা রাখবে বলে আমার দৃঢ় আশাবাদ। এ কর্মপরিকল্পনা বাস্তবায়নে সবাই নিজ-নিজ অবস্থান থেকে অবদান রাখবে এবং বঙ্গবন্ধুর হাতে গড়া এ প্রতিষ্ঠান উত্তরোত্তর একটি ঐতিহ্যবাহী জাতীয় প্রতিষ্ঠান হিসেবে সামনের দিকে এগিয়ে নেবে।

আমি বিএসসি'র ৪০তম বার্ষিক সাধারণ সভার সার্বিক সফলতা কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

মেজর (অবঃ) রফিকুল ইসলাম, বীর-উত্তম, এমপি



সচিব
নৌপরিবহন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

বাংলাদেশ শিপিং কর্পোরেশনের বার্ষিক প্রতিবেদন প্রকাশিত হচ্ছে জেনে আমি আনন্দিত। পাশাপাশি শেয়ারহোল্ডারসহ এর সকল স্টেকহোল্ডারকে জানাই আন্তরিক শুভেচ্ছা।

স্বাধীন-সার্বভৌম বাংলাদেশে শক্তিশালী আন্তর্জাতিক নৌ-বাণিজ্যের ভিত গড়ে তোলার লক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭২ সালের ৫ ফেব্রুয়ারি মহামান্য রাষ্ট্রপতির ১০ নং আদেশের মাধ্যমে 'বাংলাদেশ শিপিং কর্পোরেশন' প্রতিষ্ঠা করেন। জন্মলগ্ন থেকে অদ্যাবধি এ-সংস্থা অত্যন্ত স্পর্শকাতর পণ্য, খাদ্য ও জ্বালানী পরিবহনের মাধ্যমে রাষ্ট্রের খাদ্য ও জ্বালানী-নিরাপত্তায় গুরুত্বপূর্ণ অবদান রেখে আসছে। এ ছাড়াও মেরিটাইম সেক্টরে দক্ষ জনশক্তি সৃষ্টির মাধ্যমে প্রচুর বৈদেশিক মুদ্রা অর্জনে 'বাংলাদেশ শিপিং কর্পোরেশন' যথেষ্ট গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে চলছে। তবে, বর্তমান প্রতিযোগিতামূলক বিশ্ববাজারের সাথে প্রতিযোগিতা করে টিকে থাকতে হলে আন্তর্জাতিক সমুদ্রপথে জাহাজ পরিচালনা ও বাণিজ্যিক কার্যক্রমে নিত্য নতুন কৌশল অবলম্বন করতে হবে এবং সার্বিক কার্যক্রমে আরো গতিশীলতা আনতে হবে। আমদানি ও রপ্তানি পণ্য পরিবহন করে এ-কর্পোরেশন জাতীয় ও ব্লু ইকোনমির উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখবে বলে আমি আশাবাদ ব্যক্ত করছি।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সানুগ্রহ দিক-নির্দেশনা এবং মাননীয় নৌপরিবহন মন্ত্রীর সার্বিক তত্ত্বাবধানে ও পরামর্শে কর্পোরেশনের গৃহীত জাহাজ অর্জন প্রকল্পগুলোর সফল বাস্তবায়নের অংশ হিসেবে ইতোমধ্যে বৈদেশিক ঋণ সহায়তায় ০৬টি নতুন জাহাজ (৩টি প্রোডাক্ট অয়েল ট্যাংকার ও ৩টি বাল্ক ক্যারিয়ার) ক্রয় প্রকল্পের ঋণচুক্তি সম্প্রতি সম্পন্ন হয়েছে এবং নিজস্ব অর্থায়নে কমপক্ষে ৩৪০০০ ডিডব্লিউটি ধারণক্ষমতা সম্পন্ন ১টি প্রোডাক্ট/কেমিক্যাল, ক্রুড অয়েল ট্যাংকার ক্রয় প্রস্তাব অনুমোদিত হয়েছে। আশা করি, অন্যান্য গৃহীত প্রকল্পগুলো সফলভাবে বাস্তবায়ন হবে। এ ছাড়াও মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধনকৃত রাজধানীর প্রাণকেন্দ্র রাজউক এভিনিউতে অত্যাধুনিক সুবিধাসংবলিত সদ্যনির্মিত 'বিএসসি টাওয়ার' থেকে আয় এ-সংস্থার উন্নয়নকে গতিশীল করবে বলে আশা করি।

বাংলাদেশ শিপিং কর্পোরেশনের উত্তরোত্তর উন্নতি, সাফল্য ও সমৃদ্ধি অব্যাহত থাকবে বলে আমি আশা করছি। কর্পোরেশনের উন্নয়নের জন্য সংস্থার সম্মানিত শেয়ারহোল্ডারদের সহযোগিতা কামনা করছি।

মোঃ আবদুস সামাদ



কমডোর ইয়াহ্ইয়া সৈয়দ, বিএন.
ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ শিপিং কর্পোরেশন

বাণী

'বাংলাদেশ শিপিং কর্পোরেশন'-এর ৩০ জুন, ২০১৭ খ্রি. তারিখে সমাপ্ত ২০১৬-২০১৭ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন, একই সময়ের নিরীক্ষিত হিসাব বিবরণী এবং কোম্পানির সার্বিক কার্যক্রমের উপর একটি বার্ষিক প্রতিবেদন প্রকাশ করতে পারায় আমি আনন্দিত।

'বাংলাদেশ শিপিং কর্পোরেশন' আন্তর্জাতিক সমুদ্রপথে বাণিজ্যিক জাহাজ পরিচালনাকারী একমাত্র জাতীয় প্রতিষ্ঠান। ১৯৭২ সালের ৫ ফেব্রুয়ারী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ব্যক্তিগত উদ্যোগ ও পৃষ্ঠপোষকতায় এ-প্রতিষ্ঠানের যাত্রা শুরু হওয়ার পর থেকে অদ্যাবধি রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ পণ্যসহ জ্বালানী, সার ও খাদ্যশস্য পরিবহন ছাড়াও জাতীয় স্বার্থে বিভিন্ন কার্যক্রমের মাধ্যমে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে গুরুত্বপূর্ণ অবদান রেখে আসছে।

বিএসসি বর্তমান সরকারের সুযোগ্য দিক-নির্দেশনা ও সক্রিয় সহযোগিতায় সামনের দিকে এগিয়ে যাচ্ছে। ইতোমধ্যে সরকারের উন্নয়ন সহযোগী এবং ব্লু-ইকোনমি বাস্তবায়নের লক্ষ্যে রূপকল্প-২০২১ এবং ২০৪১-এর সাথে সামঞ্জস্য রেখে একটি স্বয়ংসম্পূর্ণ আন্তর্জাতিক শিপিং সংস্থা গড়ে তোলার লক্ষ্যে মিশ্র বাণিজ্যিক জাহাজ বহর সৃষ্টিসহ আনুষঙ্গিক নানাবিধ উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। উক্ত পরিকল্পনা বাস্তবায়নের অংশ হিসেবে ইতোমধ্যে চীন সরকারের ঋণের অধীনে ৬টি নতুন জাহাজ (৩টি বাল্ক ক্যারিয়ার ও ৩টি প্রোডাক্ট অয়েল ট্যাংকার)-এর নির্মাণকাজ পূর্ণ গতিতে এগিয়ে চলছে। আশা করা যায়, জাহাজগুলি আগামী অক্টোবর ২০১৮ থেকে পর্যায়ক্রমে বিএসসি'র বহরে সংযোজিত হবে। এছাড়া, ৮০,০০০ ডিডব্লিউটি-সম্পন্ন ২টি নতুন মাদার বাল্ক ক্যারিয়ার, ১,৪০,০০০ সিবিএম-সম্পন্ন ২টি নতুন এলএনজি ক্যারিয়ার, ১,০০,০০০-১,২৫,০০০ ডিডব্লিউটি-সম্পন্ন ২টি নতুন মাদার ট্যাংকার, ১০,০০০-১৫,০০০ ডিডব্লিউটি-সম্পন্ন ১০টি নতুন বাল্ক ক্যারিয়ার, ৩০,০০০-৩৫,০০০ ডিডব্লিউটি-সম্পন্ন ২টি কেমিক্যাল/ক্রুড অয়েল ট্যাংকার, ৮০,০০০ ডিডব্লিউটি-সম্পন্ন ২টি নতুন মাদার প্রোডাক্ট অয়েল ট্যাংকার এবং ১২০০-১৫০০ টিউজ-সম্পন্ন ৪টি নতুন কন্টেইনার জাহাজ সংগ্রহের লক্ষ্যে কার্যক্রম পূর্ণোদ্যমে এগিয়ে চলছে। সম্প্রতি শ্রীলঙ্কা এবং বাংলাদেশের মধ্যে স্বাক্ষরিত **MoU**-এর আওতায় কলম্বো- ইয়াঙ্গুন-চট্টগ্রাম রুটে একটি ফিডার সার্ভিস চালুর করার জন্য বিএসসি বেয়ার বোট পদ্ধতিতে একটি কন্টেইনার জাহাজ চার্টার করার কার্যক্রম গ্রহণ করেছে। জাহাজ অর্জন ছাড়াও ঢাকায় নিজস্ব জমিতে ০৩টি বেইজমেন্টসহ ২৫ তলা বাণিজ্যিক ভবন নির্মাণ কাজ শেষ হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী গত ১৫ এপ্রিল ২০১৭ তারিখে ভবনটি উদ্বোধন করেন এবং বাণিজ্যিক ভিত্তিতে ভবনটি ভাড়া দেয়া হয়েছে। আশা করছি, ঐ ভবনের ভাড়া থেকে অর্জিত আয় বিএসসি'র উন্নয়নে উল্লেখযোগ্য অবদান রাখবে।

বাংলাদেশ শিপিং কর্পোরেশনের সার্বিক উন্নয়নে সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ সরকারের বিভিন্ন মন্ত্রণালয় এবং বিভিন্ন সংস্থা কর্তৃক সহৃদয় পৃষ্ঠপোষকতা ও অব্যাহত সহযোগিতা প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলকে জানাই আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা। সেইসাথে ভারাক্রান্ত হৃদয়ে স্মরণ করি সে-সকল সম্মানিত শেয়ারহোল্ডার ও প্রিয় সহকর্মীদের যাঁরা ইতোমধ্যে না ফেরার দেশে চলে গিয়েছেন। আমি তাঁদের বিদেহী আত্মার চির শান্তির জন্য মহান সৃষ্টিকর্তার নিকট প্রার্থনা করছি।

সবশেষে, আমি আশা করি, সম্মানিত শেয়ারহোল্ডারগণের মূল্যবান পরামর্শ ও দিক-নির্দেশনা অব্যাহত থাকলে এ-প্রতিষ্ঠানের উত্তরোত্তর উন্নতি ও সাফল্য অব্যাহত থাকবে। সে সাথে বাংলাদেশ শিপিং কর্পোরেশনের উন্নতি ও সাফল্য অব্যাহত রাখার জন্য আমি সম্মানিত শেয়ারহোল্ডারসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করছি।

কমডোর ইয়াহ্ইয়া সৈয়দ, বিএন

Board of Directors



Mr. Shajahan Khan. M.P.
Hon'ble Minister
Ministry of Shipping
Chairman



Mr. Md. Abdus Samad
Secretary
Ministry of Shipping
Member



Commodore Yahya Syed, (C)
BCGMS, ndc, afwc, psc, BN,
Managing Director
Bangladesh Shipping Corporation
Member



Mr. Md. Saiful Alam Hamidi
Economic Adviser, Finance Division,
Ministry of Finance
Member



Mr. A.H.M. Ahasan
Joint Secretary
Ministry of Commerce
Member



Begum Yeasmin Afsana
Executive Director Finance, BSC
Member



Mr. Md. Saeed Ullah
Executive Director, Technical &
Commercial (Addl. Charge), BSC
Member



Mr. Md. Abdul Quddus
Independent Director

Board Secretary



Md. Nawab Aslam Habib
Secretary (Addl. Charge), BSC

আপনার পণ্য ও শুভেচ্ছা দুই-ই বহন করে

Carries your goods and goodwill

বিস্‌মিল্লাহির রাহ্‌মানির রাহিম

(অসীম দয়ালু ও পরম করুণাময় আল্লাহ্‌র নামে আরম্ভ করিতেছি)

"আল্লাহ সমুদ্রদ্বয়কে সম্মিলিতভাবে প্রবাহিত করিয়াছেন, এতদুভয়ের মধ্যে অনতিক্রমণীয় বাধা রহিয়াছে। অতএব, তোমরা স্বীয় প্রতিপালকের কোন্ অনুগ্রহ অস্বীকার করিবে?

এতদুভয়ের অভ্যন্তর হইতে মুক্তা ও প্রবালসমূহ বাহির করা হয়। অতএব, তোমরা স্বীয় প্রতিপালকের কোন্ অনুগ্রহ অস্বীকার করিবে? আল্লাহ্‌র অনুগ্রহে বিশাল সমুদ্রের মধ্যে পর্বতসদৃশ জাহাজসমূহ চলাচল করিতেছে।

অতএব, তোমরা স্বীয় প্রতিপালকের কোন্ অনুগ্রহ অস্বীকার করিবে?"

(সুরা আর-রহমান : ১৯ হইতে ২৪ আয়াত)

Bismillahir Rahmanir Rahim

(In the name of Allah. the most Gracious and Merciful)

"Allah has let two seas meeting together with their different flows of water; altough there exists unsurpassable barrier among them. Then which of the favours of your Lord will you deny?

Pearls and corals are collected from this flow of waters. Then which of the favours of your Lord will you deny?

Ships-look like and lofty as mountains are plying in the sea by virtue of his kindness. Then which of the favours of your Lord will you deny?"

(Ref: Surah-Ar-Rahman-Verses-19 to 24)

AMARSTOCK

ভিশন:

জাতীয় পতাকাবাহী সংস্থা হিসেবে এ অঞ্চলের মুখ্য শিপিং কোম্পানীতে উন্নীত হওয়া এবং এ দেশের অর্থনৈতিক উন্নয়নে সহায়তা প্রদান।

মিশন:

আন্তর্জাতিক নৌপথে নিরাপদ ও দক্ষ শিপিং সেবা প্রদান করাসহ এর সাথে সংশ্লিষ্ট ও সহযোগী সকল প্রকার কার্য সম্পাদন করার মাধ্যমে জাতীয় উন্নয়নে অবদান রাখা।




Vision:

As a national flag carrier, to be the leading shipping company in the region.

Mission:

To provide safe and efficient shipping services on international routes and carry out all forms of activities connected with or ancillary to shipping, thereby contribuing to the national develoment.



বার্ষিক প্রতিবেদন
২০১৬-২০১৭

সূচি

বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি	-	১৩
এক নজরে বিএসসি	-	১৪
জাহাজের তালিকা	-	১৫
পরিচালকমণ্ডলীর প্রতিবেদন	-	১৬
স্থির চিত্র	-	৩৩
বিএসসি'র পারফরমেন্স (২০১২-২০১৩ হতে ২০১৬-২০১৭)	-	৪০
গত দুই বছরের তুলনামুলক পরিসংখ্যান	-	৪১
কর্পোরেট গভর্নেন্স প্রতিবেদন	-	৪২
কমপ্লায়েন্স সার্টিফিকেট	-	৪৬
আর্থিক প্রতিবেদন	-	৪৭
বিএসসি'র প্রতিষ্ঠালগ্ন হতে চেয়ারম্যানবৃন্দ	-	৭২
বিএসসি'র প্রতিষ্ঠালগ্ন হতে ব্যবস্থাপনা পরিচালকবৃন্দ	-	৭৩
বিএসসি'র অফিসসমূহ	-	৭৫
প্রতিনিধিপত্র (প্রক্সি ফরম)	-	৭৬

বার্ষিক সাধারণ সভার
নোটিশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি)'র সম্মানিত শেয়ারহোল্ডারগণের ৪০তম (২০১৬-২০১৭ অর্থবছরের) বার্ষিক সাধারণ সভা আগামী ১৫ মার্চ, ২০১৮ খ্রি. তারিখ বৃহস্পতিবার বেলা ১১.০০ ঘটিকায় চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের শহীদ মোহাম্মদ ফজলুর রহমান মুন্সি অডিটোরিয়াম, চট্টগ্রাম-এ অনুষ্ঠিত হবে।

সভার আলোচ্যসূচী নিম্নরূপ :-

১। বিগত ২২ মার্চ, ২০১৭ খ্রি. তারিখে অনুষ্ঠিত শেয়ারহোল্ডারগণের ২০১৫-২০১৬ অর্থবছরের ৩৯তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী অনুমোদন।

২। ৩০ জুন, ২০১৭ খ্রি. তারিখে সমাপ্ত অর্থবছরের বিএসসি'র সামগ্রিক কর্মকাণ্ডের উপর পরিচালকমণ্ডলীর পক্ষে পেশকৃত প্রতিবেদন গ্রহণ ও অনুমোদন।

৩। ৩০ জুন, ২০১৭ খ্রি. তারিখে সমাপ্ত অর্থবছরের নিরীক্ষিত ব্যাল্যান্স শীট, লাভ-লোকসান হিসাব ও যুগ্ম-নিরীক্ষক কর্তৃক প্রদত্ত প্রতিবেদন গ্রহণ ও অনুমোদন।

৪। ২০১৭-২০১৮ অর্থবছরের নিরীক্ষক নিয়োগ এবং পারিশ্রমিক নির্ধারণ।

৫। লভ্যাংশ ঘোষণা।

৬। সভাপতির অনুমতিক্রমে অন্য যে-কোনো বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

পরিচালনা পর্ষদের আদেশক্রমে

সচিব

তারিখ: চট্টগ্রাম।
২২ ফেব্রুয়ারী, ২০১৮

টীকা:

১। রেকর্ড তারিখ ছিল (The Record Date) ২৪ জানুয়ারী, ২০১৮। যে-সকল সম্মানিত শেয়ারহোল্ডারের নাম সেন্ট্রাল ডিপোজিটরি বাংলাদেশ লিমিটেড (CDBL) এবং কর্পোরেশনের শেয়ার মেম্বার রেজিষ্টারে রেকর্ড তারিখে (Record Date-এ) অন্তর্ভুক্ত ছিল কেবল সে-সকল শেয়ারহোল্ডারগণ বার্ষিক সাধারণ সভায় যোগদান করতে পারবেন এবং অনুমোদিত লভ্যাংশ পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবেন।

২। সভায় অংশগ্রহণ ও ভোটদানের অনুমোদনপ্রাপ্ত সদস্য/সদস্যা, তাঁর পরিবর্তে অন্য কোনো সদস্য/সদস্যাকে সভায় অংশগ্রহণ ও ভোট প্রদানের জন্য প্রক্সি (প্রতিনিধি) নিয়োগ করতে পারবেন।

৩। যে-সকল প্রক্সি সভা অনুষ্ঠানের অন্ততপক্ষে ৭২ ঘণ্টা পূর্বে কর্পোরেশনের প্রধান কার্যালয়ে পাওয়া যাবে, কেবল সে-সকল প্রক্সিই গ্রহণযোগ্য হবে।

৪। বিএসসি'র ২৪ অক্টোবর, ২০১৩ খ্রি. এর নির্দেশনা-মোতাবেক আসন্ন বার্ষিক সাধারণ সভায় কোনো প্রকার উপহার/উপহার কুপন/যাতায়াত ভাতা প্রদানের ব্যবস্থা থাকবে না।

AMAR STOCK



BSC at a Glance

(as on 30th June 2017)

Corporate office	:	BSC Bhaban, Saltgola Road, Chittagong-4000.
Year of Establishment	:	5th February, 1972 (Under the President Order No- 10 of 1972)
Concerned Ministry	:	Ministry of Shipping
Business	:	Shipping
Authorized Capital	:	Tk. 1000 Crore
Paid up Capital	:	Tk. 152.53 Crore (Approved Tk. 350 Crore)
Asset Value	:	Tk. 1038.35 Crore
Manpower	:	Shore-195 & Afloat-133
Listed with DSE	:	August-1977
Listed with CSE	:	November-1995
Dhaka Regional Office	:	BSC Tower (22nd Floor), Plot No-2 & 3, Rajuk Avenue
		Dainik Bangla Circle, Dhaka-1000, Bangladesh.
Khulna Regional Office	:	Noushin Tower (3rd Floor), 11, KDA Avenue, Khulna.
BSC Marine Workshop	:	Saltgola Road (Near Jetty Gate No-5), Chittagong.
BSC Grain Conveyor Workshop	:	North Patenga (Near Jetty Gate No-7), Chittagong.
Website	:	www.bsc.gov.bd



বিদ্যমান জাহাজের তালিকা
৩০ জুন ২০১৭ পর্যন্ত

ক্রমিক নং	জাহাজের নাম	তৈরির সাল	ডি, ডব্লিউ, টি (এম, এ)	জি,আর,টি	নির্মাণকারী দেশ	জাহাজ অর্জনের তারিখ
১।	এম. টি. বাংলার জ্যোতি	১৯৮৭	১৪,৫৪১	৮,৬৭২	ডেনমার্ক	১৫-০৫-৮৭
২।	এম. টি. বাংলার সৌরভ	১৯৮৭	১৪,৫৪১	৮,৬৭২	ডেনমার্ক	১৪-১০-৮৭

বিক্রীত জাহাজের তালিকা
৩০ জুন ২০১৭ পর্যন্ত

ক্রমিক নং	জাহাজের নাম	তৈরির সাল	ডি, ডব্লিউ, টি (এম, এ)	জি,আর,টি	নির্মাণকারী দেশ	জাহাজ অর্জনের তারিখ
১।	এম. ভি. বাংলার শিখা	১৯৯১	১২,৯৪৫	৯,৯২৭	চীন	১৬-০৭-৯১

পরিচালকমণ্ডলীর

প্রতিবেদন

(২০১৬-২০১৭ অর্থবছর)



AMARSTOCK

শেয়ারহোল্ডারদের প্রতি পেশকৃত পরিচালকমণ্ডলীর প্রতিবেদন
(২০১৬-২০১৭ অর্থবছর)

সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,

১। বাংলাদেশ শিপিং কর্পোরেশনের পরিচালকমণ্ডলী'র পক্ষ থেকে ৩০ জুন, ২০১৭ তারিখে সমাপ্ত অর্থবছরের বার্ষিক প্রতিবেদন এবং একই সময়ের নিরীক্ষিত হিসাব বিবরণী পেশ করতে পেরে আমরা আনন্দিত। বাংলাদেশ শিপিং কর্পোরেশন আন্তর্জাতিক সমুদ্রপথে বাণিজ্যিক জাহাজ পরিচালনাকারী একমাত্র জাতীয় প্রতিষ্ঠান। ১৯৭২ সালে এ-প্রতিষ্ঠানের যাত্রা শুরু হওয়ার পর থেকে অদ্যাবধি গুরুত্বপূর্ণ পণ্যসহ জ্বালানী, সার ও খাদ্যশস্য পরিবহন ছাড়াও বিভিন্ন কার্যক্রমের মাধ্যমে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে জাতীয় স্বার্থে গুরুত্বপূর্ণ অবদান রেখে আসছে।

২। **ভিশন:**

জাতীয় পতাকাবাহী সংস্থা হিসেবে এ অঞ্চলে মুখ্য শিপিং কোম্পানীতে উন্নীত হওয়া এবং এ দেশের অর্থনৈতিক উন্নয়নে সহায়তা প্রদান।

৩। **মিশন:**

আন্তর্জাতিক নৌ-পথে নিরাপদ ও দক্ষ শিপিং সেবা প্রদান করাসহ এর সাথে সংশ্লিষ্ট ও সহযোগী সকল প্রকার কার্য সম্পাদন করার মাধ্যমে জাতীয় উন্নয়নে অবদান রাখা।

৪। **বাংলাদেশ শিপিং কর্পোরেশনের (বিএসসি'র) উদ্দেশ্য:**

দেশের সামগ্রিক উন্নয়নের স্বার্থে বিএসসি নিম্নোক্ত উদ্দেশ্যাবলীকে সর্বাধিক গুরুত্ব দিয়ে থাকে:

(ক) জাহাজে পণ্য পরিবহনের মাধ্যমে মুনাফা অর্জনপূর্বক জাতীয় অর্থনীতিতে অবদান রাখা;

(খ) চাকুরীর সুযোগ সৃষ্টির মাধ্যমে দারিদ্র্য-বিমোচনে অবদান রাখা;

(গ) মেরিটাইম সেক্টরে দক্ষ লোকবল সৃষ্টি করা;

(ঘ) জ্বালানী পণ্য আমদানী ও পরিবহনের মাধ্যমে জ্বালানী-নিরাপত্তায় অংশগ্রহণ;

(ঙ) খাদ্যশস্য পরিবহন ও লাইটারেজ-এর মাধ্যমে খাদ্যনিরাপত্তায় অংশগ্রহণ;

(চ) জাতীয় উন্নয়ন ও নিরাপত্তার প্রয়োজনে শিপিং-এর সাথে সংশ্লিষ্ট ও সহযোগী অন্য যেকোনো কার্য সম্পাদন।

৫। **পরিচালনা পর্ষদ:**

২০১৭ সনের ১০ নং আইন-এর ধারা ৬ মোতাবেক নৌ-পরিবহন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী চেয়ারম্যান এবং নৌ-পরিবহন মন্ত্রণালয়ের সচিব, বিএসসি'র ব্যবস্থাপনা পরিচালক, অর্থ মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব, বাণিজ্য মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব, তিনজন সার্বক্ষণিক নির্বাহী পরিচালক ও একজন স্বতন্ত্র পরিচালকের সমন্বয়ে বর্তমানে নয়জন সদস্য নিয়ে বাংলাদেশ শিপিং কর্পোরেশন-এর পরিচালনা পর্ষদ গঠিত।

৬। **মূলধন:**

৬.১। বাংলাদেশ শিপিং কর্পোরেশনের আইন ২০১৭-এর ১৮ (১) মোতাবেক কর্পোরেশনের অনুমোদিত মূলধন ন্যূনতম ১০০০ কোটি টাকা যা ১০ (দশ) টাকা অভিহিত মূল্যের ১০০ (একশত) কোটি সাধারণ শেয়ারে বিভক্ত এবং পরিশোধিত মূলধন হবে ৩৫০ (তিনশত পঞ্চাশ) কোটি টাকা; যা ৩৫ (পঁয়ত্রিশ) কোটি সাধারণ শেয়ারে বিভক্ত।

৬.২। ৩০-০৬-২০১৭ তারিখে কর্পোরেশনের পরিশোধিত মূলধনের পরিমাণ ১,৫২৫,৩৫০,৪০০/- (একশত বায়ান্ন কোটি তিপ্পান্ন লক্ষ পঞ্চাশ হাজার চার শত) টাকা। তন্মধ্যে সরকারের শেয়ারের পরিমাণ টাকা ৭৯,৪৬,৩৪,৪০০/- (উনাশি কোটি ছেচল্লিশ লক্ষ চৌত্রিশ হাজার চার শত) এবং বেসরকারী শেয়ারহোল্ডারদের শেয়ারের পরিমাণ টাকা ৭৩,০৭,১৬,০০০/- (তিয়াত্তর কোটি সাত লক্ষ ষোলো হাজার)। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শেয়ারের সংখ্যা ৭,৯৪,৬৩,৪৪০ টি, যা মোট শেয়ার সংখ্যার ৫২.১০ শতাংশ এবং বেসরকারী শেয়ারহোল্ডারদের শেয়ারের সংখ্যা ৭৩,০৭১,৬০০ টি, যা মোট শেয়ার-সংখ্যার ৪৭.৯০ শতাংশ।

৭। বাণিজ্যিক কার্যক্রম:

৭.১। আন্তর্জাতিক রুটে জাহাজ পরিচালনা:

আন্তর্জাতিক রুটে সার ও জ্বালানী তেল চার্টারিং-এর মাধ্যমে পরিচালনা করা হচ্ছে। শীঘ্রই বিএসসি'র বহরে জাহাজ সংযোজনপূর্বক এ-রুটে জাহাজ পরিচালনা করা হবে।

৭.২। কন্টেইনার ও ফিডার সার্ভিস:

নানাবিধ সীমাবদ্ধতার মধ্যে সংস্থার বাণিজ্যিক কার্যক্রমের পরিধি সম্প্রসারণের লক্ষ্যে চীনে নির্মাণাধীন ৬টি জাহাজ সংযোজনের পূর্বে Bareboat Chartering-এর মাধ্যমে চট্টগ্রাম-ইয়াঙ্গুন-কলম্বো রুটে কন্টেইনার পরিবহন (ফিডার সার্ভিস) করার নিমিত্ত প্রাথমিক কার্যক্রম চলমান।

৭.৩। চার্টারিং/ট্রাম্পিং/লাইটারেজ সার্ভিস:

২০১৬-২০১৭ অর্থবছরে এবং পূর্ববর্তী অর্থবছরে চার্টারিং/ট্রাম্পিং/লাইটারেজ-বাবদ আয়ের বিভাজন নিম্নরূপ:-

বিবরণ	২০১৬-২০১৭	২০১৫-২০১৬
নিজস্ব জাহাজ ভাড়া (টাকায়)	--	-
অশোধিত তৈল লাইটারেজ (টাকায়)	৫৬৩,৫৮২,৬৩৯	৪৭৬,০৪৪,৪৮১
এড্রেস কমিশন (টাকায়)	১২১,৬০৮,৮২২	১০৭,৪৭৬,৬৬৪
সার্ভিস চার্জ (টাকায়)	১৩৬,৩২১,৬৮৬	১১৩,৪৩২,৬৪৪

৭.৪। ৫ (পাঁচ) বছরের বাণিজ্যিক কার্যক্রম:

বিএসসি'র বাণিজ্যিক কার্যক্রমের উপর ২০১৬-১৭ অর্থবছর এবং বিগত ৪ (চার) বছরের তথ্যাদি নিম্নরূপ:-

বিবরণ	২০১৬-১৭	২০১৫-১৬	২০১৪-১৫	২০১৩-১৪	২০১২-১৩
(ক) বাংলাদেশ/পাকিস্তান/ পশ্চিম এশিয়া উপ-সাগরীয় সার্ভিস:					
সমুদ্রযাত্রা সংখ্যা:		-	০২	১২	১৭
পরিবাহিত পণ্য (শিপিং টন):			২৫,৩৫০	৭৭,৫৮৩	৯৯,০৭১
(খ) চার্টারিং/ ট্রাম্পিং/ লাইটারেজ/ কন্টেইনার ও ফিডার সার্ভিস		২১২,৬৮৫	১০৪,৮৩৬,০৩৬	৩৩২,৮৮১,৬৫৪	৫৯২,০৯৬,৭১৪
নিজস্ব জাহাজ ভাড়া (টাকায়)					
অশোধিত তেল পরিবহন (টাকায়)	-	-	-	-	১,৪৯৫,১৯৯,২৬৫
অশোধিত তেল লাইটারেজ (টাকায়)	৫৬৩,৫৮২,৬৩৯	৪৭৬,০৪৪,৪৮১	৫১১,০৮৬,৫৭৬	৫০৫,০৮৪,৭৭২	৫৬৮,৪৮৯,৯০০
খাদ্যশস্য লাইটারেজ (টাকায়)	-	-	-	-	-
এড্রেস কমিশন ও সার্ভিস চার্জ (টাকায়)	২৫৭,৯৩০,৫০৮	২২০,৯০৯,৩১২	২২৬,৯৮৫,৭৭০	১৯২,৪৭৬,১৭০	১৯০,০৮৪,২৭৭
মোট আয় (টাকায়)	**৮২১,৫১৩,১৪৭**	**৬৯৭,১৬৬,৪৭৮**	**৮৪২,৯০৮,৩৮২**	**১,০৩০,৪৪২,৫৯৬**	**২,৮৪৫,৮৭০,১৫৬**

৮। বিএসসি মেরিন এন্ড গ্রেইন কনভেয়র ওয়ার্কশপের কার্যাবলী:

৮.১। "বিএসসি মেরিন ওয়ার্কশপ" সংস্থার জাহাজসমূহের সকল ধরনের মেরামত কাজ সম্পন্ন করা ছাড়াও আলোচ্য অর্থবছরে সংস্থার আসবাবপত্র, শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র, যানবাহন মেরামত ও উন্নয়নমূলক কাজ এবং গ্রেইন কনভেয়র ওয়ার্কশপের মেশিনারীজ বিবিধ যন্ত্রাংশ মেরামত করেছে। এছাড়াও অত্র ওয়ার্কশপ অন্যান্য প্রতিষ্ঠানের বিবিধ মেরামত কাজসহ কিছু বিশেষ ধরনের মেরামত কাজ সম্পন্ন করে।

৮.২। ২০১৬-১৭ অর্থবছরে বিএসসি মেরিন ওয়ার্কশপ এম.ভি. বাংলার শিখা, এম.টি. বাংলার সৌরভ, এবং এম.টি. বাংলার জ্যোতি জাহাজের প্রয়োজনীয় মেরামত কাজ সম্পাদন করে।

৯। জাহাজ মেরামত ও ড্রাইডকিং:

৯.১। সমুদ্রগামী জাহাজগুলোকে সমুদ্রে চলাচল উপযোগী রাখার জন্য জাহাজের অবকাঠামো এবং মেশিনারীসমূহের যথাযথভাবে রক্ষণাবেক্ষণ একান্ত জরুরী। জাহাজের এ রক্ষণাবেক্ষণের মধ্যে জাহাজের কাঠামোসহ বিভিন্ন যন্ত্রপাতিসমূহের দৈনন্দিন মেরামত ছাড়া বিভিন্ন মেয়াদি সার্ভেসংক্রান্ত মেরামত ও রক্ষণাবেক্ষণ, ব্রেকডাউন মেরামত এবং ড্রাইডকিং অন্তর্ভুক্ত। বিএসসি'র জাহাজসমূহ আন্তর্জাতিক পরিমণ্ডলে চলাচল করে বিধায় জাহাজগুলোর মান আন্তর্জাতিক নিয়ম অনুযায়ী বজায় না রাখা হলে আন্তর্জাতিক পরিমণ্ডলে পরিভ্রমণ সম্ভব নয়। তাছাড়া, জাহাজগুলোর এ-সুষ্ঠু রক্ষণাবেক্ষণের উপর নির্ভর করেই ফ্ল্যাগ এডমিনিস্ট্রেশন এবং ক্লাসিফিকেশন সোসাইটি কর্তৃক জারীকৃত জাহাজের বিভিন্ন সনদের গ্রহণযোগ্যতা বজায় থাকে। আর সনদগুলোর গ্রহণযোগ্যতা বজায় থাকলে জাহাজটি বীমা প্রতিষ্ঠান কর্তৃক বীমার আওতাভুক্ত বিবেচিত হয় এবং পক্ষান্তরে সঠিকভাবে বীমাকৃত জাহাজই শুধুমাত্র আন্তর্জাতিক পরিমণ্ডলে পরিভ্রমণ করার অনুমতি পেয়ে থাকে।

৯.২। শুধু আন্তর্জাতিক নিয়ম রক্ষাই নয়, জাহাজের চলাচল উপযোগিতার সঙ্গে সংস্থার লাভ-ক্ষতিও ওতপ্রোতভাবে জড়িত। বিএসসি বহরের জাহাজগুলোর গড় বয়স ৩০ বছরের অধিক। এই গড় বয়সের জাহাজগুলোর রক্ষণাবেক্ষণ এবং International Maritime Organization ও অন্যান্য নিয়ন্ত্রনকারী সংস্থা কর্তৃক আরোপিত নিত্য নতুন বিধি-নিষেধ মেনে চলা অত্যন্ত জটিল, কঠিন এবং সময়সাপেক্ষ। এ গুরুত্বপূর্ণ দায়িত্বটি পালিত হচ্ছে সংস্থার জাহাজ মেরামত বিভাগের মাধ্যমে।

৯.৩। উল্লেখ্য, জাহাজের বয়স বৃদ্ধির সঙ্গে সঙ্গে দীর্ঘ দিনের পুরাতন বিভিন্ন মেশিনারীজের যন্ত্রাংশের দুষ্প্রাপ্যতা, আন্তর্জাতিক বাজারে যন্ত্রাংশের উচ্চমূল্য, চট্টগ্রাম বন্দরে মেরামত বার্থের অপ্রতুলতা, দেশে একটিমাত্র ড্রাইডকে ডকিং সুবিধার সীমাবদ্ধতা ইত্যাদি প্রতিকূলতা সত্ত্বেও গত ২০১৬-২০১৭ অর্থবছরে মেরামতব্যয় উল্লেখযোগ্য পরিমাণে সীমিত রাখা সম্ভব হয়েছে। বিএসসি বহরের জাহাজগুলির গড় বয়স ৩০ বছরের অধিক হওয়ায় এবং যন্ত্রাংশ সরবরাহে অনাকাঙ্খিত বিলম্বের ফলে জাহাজগুলোর সার্বিক মান আন্তর্জাতিক পর্যায়ে বজায় রাখা কঠিন।

৯.৪। জাহাজে কর্মরত লোকবলের দ্বারা দৈনন্দিন রক্ষণাবেক্ষণ ছাড়াও প্রয়োজনানুসারে বিশেষায়িত কার্যসমূহ বাইরের ওয়ার্কশপের সহযোগিতায় সম্পন্ন করা হয়ে থাকে। চট্টগ্রাম বন্দরে অবস্থানকালে সাধারণত বিএসসি মেরিন ওয়ার্কশপ কর্তৃক জাহাজের বিভিন্ন মেরামত ও চিটাগাং ড্রাইডক কর্তৃক জাহাজসমূহের ডকিং সম্পন্ন হয়ে থাকে। এছাড়া, জরুরী অবস্থায় কিছু মেরামত দেশী ও বিদেশী মেরামত প্রতিষ্ঠান দ্বারা করানো হয় এবং বিশেষ প্রয়োজনে দু'একটি জরুরী ডকিংও বিদেশী বন্দরে হয়ে থাকে। তবে, ২০১৬-২০১৭ অর্থবছরে জাহাজগুলোকে কোনো ডকিং করা হয়নি এবং অধিকাংশ মেরামত-কাজ বিএসসি মেরিন ওয়ার্কশপের মাধ্যমে সম্পন্ন করা হয়েছে বিধায় মেরামত-খরচ অন্যান্য অর্থবছরের তুলনায় ২০১৬-২০১৭ অর্থবছরে যথেষ্ট কম ছিল।



১০। দেশী ও বিদেশী ডকিং ও মেরামত তথ্যাদি:

২০১৬-২০১৭ অর্থবছরসহ পূর্ববর্তী ৪ (চার) বছরের দেশী ও বিদেশী ডকিং ও মেরামত তথ্যাদি নিম্নরূপ:-

অর্থ বছর	ড্রাইডকিং			মেরামত		
	বন্দর	সংখ্যা	দিন	ড্রাইডকিং খরচ (টাকায়)	সংখ্যা	মেরামত খরচ (টাকায়)
২০১৬-২০১৭	দেশী	--	--	--	০৩	২,৭৪০,৬৩৮.০০
	বিদেশী	--	--	--	--	--
২০১৫-২০১৬	দেশী	০১	--	২৫,০০০,০০০.০০	০৫	৪,৭০২,৯৪৮.০০
	বিদেশী	--	--	--	--	--
২০১৪-২০১৫	দেশী	০১	৬৫	১২,২০৭,৫২৮.০০	০৬	৪,৭৬৩,৭৬৬.০০
	বিদেশী	--	--	--	--	--
২০১৩-২০১৪	দেশী	০১	--	৮,১০২,০৪১.০০	০৯	৬,৮৯৯,৬৭১.০০
	বিদেশী	--	--	--	০১	৩০৭,৩৮৪.০০
২০১২-২০১৩	দেশী	০৩	১৩১	১১,৮৪৩,২০৪.০০	১৩	১৪,৫৮৮,৭০১.০০
	বিদেশী	--	--	--	০৫	১,২৯৪,৪৫৬.০০

১১। জাহাজের বীমা ও দাবি খাতে ব্যয়:

২০১৬-২০১৭ অর্থবছরসহ পূর্ববর্তী ৪ (চার) বছরের জাহাজের বীমা ও দাবি খাতে ব্যয়-সংশ্লিষ্ট তথ্যাদি নিম্নরূপ:-

		২০১৬-১৭	২০১৫-১৬	২০১৪-১৫	২০১৩-১৪	২০১২-১৩
১১.১	(ক) বিএসসি জাহাজ বহরের বিপরীতে বৈদেশিক মুদ্রায় হাল বীমা প্রিমিয়াম	মাঃ ডঃ ১.২৯ লক্ষ	মাঃ ডঃ ২.১০ লক্ষ	মাঃ ডঃ ২.৮৮লক্ষ	মাঃ ডঃ ৩.২২লক্ষ	মাঃ ডঃ ৫.৬২ লক্ষ
	(খ) সরকারী ষ্ট্যাম্প ডিউটি ও দেশীয় মুদ্রায় হাল বীমা প্রিমিয়াম	টাকা ৩০.০০ লক্ষ	টাকা ৫১.০০ লক্ষ	টাকা ৭২.০০ লক্ষ	টাকা ৭৮.৫৬ লক্ষ	টাকা ১৩২.৭২ লক্ষ
১১.২	পিএন্ডআই প্রিমিয়ামের পরিমাণ	মাঃডঃ ২.৬০ লক্ষ	মাঃডঃ ৪.২৪ লক্ষ	মাঃডঃ ৬.২৮ লক্ষ	মাঃডঃ ৭.৫৩ লক্ষ	মাঃডঃ ১৩.৪৬ লক্ষ
১১.৩	হাল-মেশিনারী ও পিএন্ডআই প্রিএন্ডআই প্রিমিয়াম	টাকা ৩.৪১ কোটি	টাকা ৫.৪৬ কোটি	টাকা ৭.৮৬ কোটি	টাকা ৯.১৭ কোটি	টাকা ১৬.২১ কোটি
১১.৪	হাল-মেশিনারী ও পিএন্ডআই দাবি আদায়ের পরিমাণ	টাকা ২.৪৬ কোটি	টাকা ২.৫৩ কোটি	টাকা ২.৬৩ কোটি	টাকা ৯.৫৫ কোটি	টাকা ২.৬৫ কোটি



১২। আন্তর্জাতিক মেরিটাইম আইনসমূহ, সেইফটি ম্যানেজমেন্ট সিস্টেম এবং শিপ এন্ড পোর্ট ফেসিলিটি সিকিউরিটি সিস্টেম:

১২.১। বাংলাদেশ শিপিং কর্পোরেশন(বিএসসি) একটি সরকারি দেশীয় প্রতিষ্ঠান হলেও এই সংস্থার কার্যক্রম বিশ্বব্যাপী বিস্তৃত বিধায় বিএসসিকে জাতীয় মেরিটাইম আইন মেনে চলার পাশাপাশি অধীন জাহাজ বহরে সকল আন্তর্জাতিক এবং প্রযোজ্য ক্ষেত্রে তৃতীয় দেশসমূহের মেরিটাইম আইনসমূহও বাধ্যতামূলকভাবে বাস্তবায়ন করতে হয়। মেরিটাইম আইনসমূহের মূল লক্ষ্য জীবন ও সম্পদের অধিকতর নিরাপত্তা বিধান এবং সমুদ্রে পরিবেশ দূষণ প্রতিরোধ যা মূলত ইন্টারন্যাশনাল মেরিটাইম অর্গানাইজেশন (আইএমও)-এর পৃষ্ঠপোষকতায় পরিচালিত হয়ে থাকে।

১২.২। বিএসসি'র জাহাজসমূহে সকল মেরিটাইম আইন যথাযথভাবে পরিচালনার লক্ষ্যে International Safety Management (ISM) Code-এর আওতায় সংস্থার অফিস ও জাহাজ বহরে সেইফটি ম্যানেজমেন্ট সিস্টেম চালু রয়েছে এবং International Ship and Port Facility Security (ISPS) Code-এর আওতায় জাহাজসমূহে Ship Security Plan বলবৎ করা হয়েছে। ISM এবং ISPS Code-এর আওতায় বিএসসি'র সকল জাহাজের সনদায়ন আন্তর্জাতিক ক্লাসিফিকেশন সোসাইটি M/S. DNV.GL কর্তৃক সম্পন্ন করা হচ্ছে।

ইতোমধ্যে জাহাজ বহরে Ship Energy Efficiency Management Plan (SEEMP) এবং New Garbage Management System কার্যকর করা হয়েছে।

১২.৩। IMO কর্তৃক প্রণীত Maritime Labour Convention (MLC)-2006 বিশ্বব্যাপী চালু হওয়ায় বাংলাদেশ শিপিং কর্পোরেশনের জাহাজ বহরেও বাংলাদেশ Flag state-এর আওতায় যথাসময়ে MLC-2006 সফলভাবে কার্যকর করা হয়েছে।

১২.৪। বর্তমানে প্রযোজ্য International Ship and Port Facility Security (ISPS) Code এর বর্ধিত নতুন আইনের আওতায় এবং মহাপরিচালক, সমুদ্র পরিবহন অধিদপ্তরের সার্কুলার অনুযায়ী সংস্থার প্রতিটি জাহাজে নিম্নলিখিত আইটেমগুলো দ্রুত স্থাপনের প্রয়োজনীয় কার্যক্রম বাস্তবায়নাধীন রয়েছে:-

(ক) নাবিকদের জন্য জাহাজে একটি নিরাপদ আশ্রয়স্থল (CITADEL) নির্মাণ।

(খ) Bridge Navigation Watch Alarm System (BNWAS).

১২.৫। অধিকন্তু IMO কর্তৃক প্রণীত নিম্নলিখিত বিধিগুলো বাস্তবায়নের নিমিত্তে দোরগোড়ায় অপেক্ষমাণ:-

(১) 'Piracy বন্ধে BMP4' বাস্তবায়ন।

এ প্রসঙ্গে উল্লেখ্য যে, এ-ধরনের নতুন নতুন জাতীয় এবং আন্তর্জাতিক রেগুলেশন বাস্তবায়নের জন্য প্রতিবছর বাংলাদেশ শিপিং কর্পোরেশনকে প্রচুর অর্থ ব্যয় করতে হচ্ছে।

১৩। উন্নয়ন পরিকল্পনা:

বিএসসি বর্তমান সরকারের সুযোগ্য দিক-নির্দেশনা ও সক্রিয় সহযোগিতায় সামনের দিকে এগিয়ে যাচ্ছে। ইতোমধ্যে সরকারের উন্নয়ন সহযোগী এবং ব্লু-ইকোনমি বাস্তবায়নের লক্ষ্যে রূপকল্প-২০২১ এবং ২০৪১ এর সাথে সামঞ্জস্য রেখে একটি স্বয়ংসম্পূর্ণ আন্তর্জাতিক শিপিং সংস্থা গড়ে তোলার লক্ষ্যে মিশ্র বাণিজ্যিক জাহাজ বহর সৃষ্টিসহ আনুষঙ্গিক নানাবিধ উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

বাস্তবায়নাধীন প্রকল্প:

১৩.১। বৈদেশিক ঋণ সহায়তায় জাহাজ অর্জন:

উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নের অংশ হিসেবে চীন সরকারের অর্থায়নে ইতোমধ্যে ৬টি (৩টি প্রোডাক্ট অয়েল ও ৩টি বাল্ক ক্যারিয়ার) জাহাজের নির্মাণ কাজ এগিয়ে চলছে। চীনের নিউ ইয়াংজি শিপইয়ার্ডে নির্মাণাধীন ৬টি জাহাজের Keel laying এর কাজ মাননীয় নৌ পরিবহন মন্ত্রী কর্তৃক ইতোমধ্যে পরিদর্শন করা হয়। বর্তমানে জাহজগুলোর Block raising -এর কাজ পূর্ণ উদ্যমে এগিয়ে চলছে। আশা করা হচ্ছে, অক্টোবর ২০১৮ এর মধ্যে ২টি জাহাজ বিএসসি বহরে যুক্ত হবে। অবশিষ্ট জাহাজগুলো চলতি বছর থেকে পর্যায়ক্রমে বিএসসি'র বহরে সংযোজিত হবে।

১৩.২। নিজস্ব অর্থায়নে জাহাজ ক্রয়:

বর্তমানে ক্রুড অয়েল লাইটারিং কাজে নিয়োজিত বিএসসির দুইটি জাহাজের (এম. টি. বাংলার জ্যোতি ও সৌরভ) বয়স প্রায় ৩০ বছর হওয়ায় এ-জাহাজ দুইটির প্রতিস্থাপনের লক্ষ্যে নিজস্ব অর্থায়নে একটি নতুন ট্যাংকার ক্রয়ের প্রকল্প গ্রহণ করা হয়। উক্ত জাহাজটি অর্জনের জন্য দীর্ঘ ক্রয়-প্রক্রিয়া সম্পন্ন করা সত্ত্বেও গত ডিসেম্বর ২০১৮-এ উক্ত জাহাজটি চূড়ান্ত পরিদর্শনকালে জাহাজটির হাল (Hull) ভালো পাওয়া গেলেও মেশিনারিজ সন্তোষজনক পাওয়া যায়নি। এখানে উল্লেখ্য যে, ইষ্টার্ণ রিফাইনারী লিঃ

(ইআরএল) কর্তৃক "Single Point Mooring (SPM) with Double pipeline" শীর্ষক প্রকল্পের কাজ প্রায় শেষপর্যায় রয়েছে। এই বিবেচনায় লাইটারিং জাহাজের স্থলে ১ (এক) টি নতুন ১,০০,০০০-১,২৫,০০০ টন ক্ষমতাসম্পন্ন মাদার ট্যাংকার ক্রয়ের প্রকল্প হাতে নেয়া হয়েছে।

১৩.৩। কয়লা পরিবহনের জন্য জাহাজ ক্রয়সংক্রান্ত প্রকল্প:

রামপাল, পায়রা ও মাতারবাড়ীতে তিনটি কয়লাভিত্তিক বিদ্যুৎ উৎপাদন প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পগুলোর জন্য প্রয়োজনীয় কয়লা বিদেশ হতে আমদানী করা হবে। দেশের জ্বালানী নিরাপত্তার স্বার্থে কয়লা পরিবহনের Uninterrupted supply chain গড়ে তোলার জন্য ৮০ হাজার টনের ৬টি মাদার বাল্ক ক্যারিয়ার এবং মাদার ভেসেল থেকে lightering-এর জন্য আরো দশটি ১০-১৫ হাজার টন ক্ষমতাসম্পন্ন বাল্ক ক্যারিয়ার ক্রয় প্রকল্প গ্রহণ করা হয়েছে।

১৩.৪। তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (এলএনজি) পরিবহনে জাহাজ ক্রয়সংক্রান্ত প্রকল্প:

দেশের জ্বালানী সংকট নিরসনের জন্য সরকার কর্তৃক তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (এলএনজি) আমদানি করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে কক্সবাজারের মাতারবাড়ীতে FSRU টার্মিনাল স্থাপন করা হচ্ছে, যা দেশের National গ্যাস গ্রীডের সাথে যুক্ত থাকবে। দেশের গ্যাস চাহিদা পূরণের লক্ষ্যে এলএনজি আমদানির জন্য বিএসসি বহরে দুটি প্রায় ১,৪০,০০০ কিউবিক মিটারের এলএনজি ভেসেল যুক্ত করার প্রাথমিক পরিকল্পনা ইতোমধ্যে গ্রহণ করা হয়েছে।

১৩.৫। ক্রুড অয়েল পরিবহন-সংক্রান্ত প্রকল্প:

ইস্টার্ন রিফাইনারি লিঃ-এর ক্রুড অয়েল পরিশোধন ক্ষমতা ২০২০ সালে দ্বিগুণ হবে। সমস্ত ক্রুড অয়েল বিএসসি'র নিজস্ব জাহাজের মাধ্যমে পরিবহনের জন্য ২ (দুই)টি নতুন প্রতিটি ১,০০,০০০-১,২৫,০০০ টন ক্ষমতাসম্পন্ন মাদার ট্যাংকার ক্রয়সংক্রান্ত প্রকল্প গ্রহণ করা হয়েছে।

১৩.৬। বিএসসি'র ৩০ বছরের পুরাতন বাংলার সৌরভ ও বাংলার জ্যোতি জাহাজ দুইটির প্রতিস্থাপন সংক্রান্ত প্রকল্পঃ

বিএসসি'র বাংলার সৌরভ ও বাংলার জ্যোতি জাহাজ দুটি ৩০ বছরের পুরাতন। পুরাতন জাহাজগুলিকে দুটি নতুন ৩০,০০০-৩৫,০০০ টনের ক্ষমত সম্পন্ন ক্রুড অয়েল ট্যাংকার দিয়ে প্রতিস্থাপন করার জন্য প্রকল্প গ্রহণ করা হয়েছে।

১৩.৭। ২ (দুই)টি ৮০,০০০ টন ক্ষমতাসম্পন্ন মাদার প্রোডাক্ট অয়েল ট্যাংকার ক্রয়:

বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) প্রতিবছর ৩০,০০,০০০ মেট্রিক টন ডিজেল অয়েল এবং ৩,৫০,০০০ টন জেট ফুয়েল আমদানী করে, যা বিদেশী জাহাজের মাধ্যমে পরিবহন করা হয়। ইস্টার্ন রিফাইনারি কর্তৃক বাস্তবায়নাধীন ২টি Single Point Mooring (SPM) with Double pipeline শীর্ষক প্রকল্প সমাপ্ত হলে আমদানীকৃত ডিজেল ও জেট ফুয়েল পরিবহনের জন্য ২ (দুই) টি ৮০,০০০ টন ক্ষমতাসম্পন্ন মাদার প্রোডাক্ট অয়েল ট্যাংকার সংগ্রহের নিমিত্ত প্রকল্প গ্রহণ করা হয়েছে। প্রকল্পটি বাস্তবায়িত হলে বিপুল পরিমাণ বৈদেশিক মুদ্রা সাশ্রয় করা সম্ভব হবে।

১৩.৮। সেলুলার কন্টেইনার জাহাজ ক্রয়:

শ্রীলংকাসহ BIMSTEC দেশগুলোর মধ্যে শীঘ্রই Feeder Service চালু হতে যাচ্ছে। এ বিষয়টি বাস্তবায়নের জন্য- ৪ (চার) টি নতুন প্রতিটি ১,২০০-১,৫০০ টিউজসম্পন্ন সেলুলার কন্টেইনার জাহাজ ক্রয় প্রকল্প হাতে নেয়া হয়েছে।

১৩.৯। বিএসসি'র নিজস্ব জমিতে ভবন নির্মাণ:

নৌ-পরিবহন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী এবং বিএসসি'র বোর্ড অব ডাইরেক্টরস-এর চেয়ারম্যান, জনাব শাজাহান খান, এম.পি. গত ২৭-০৭-২০১১ খ্রিঃ বিএসসি'র ঢাকাস্থ নিজস্ব জমিতে একটি ২৫ তলা বাণিজ্যিক ভবন নির্মাণ কাজের শুভ উদ্বোধন করেন। প্রকল্পটির কাজ সফলভাবে সম্পন্নপূর্বক গত ১৫এপ্রিল,২০১৭ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উক্ত ভবন উদ্বোধন করা হয়। এছাড়াও খুলনা ও চট্টগ্রামস্থ নিজস্ব জমিতে স্ব-উদ্যেগে/যৌথ উদ্যেগে বাণিজ্যিক ভিত্তিতে বহুতলভবন নির্মাণের লক্ষ্যে কার্যক্রম প্রক্রিয়াধীন আছে।

১৩.১০। বিএসসি'র সার্বিক কর্মকাণ্ড কম্পিউটারাইজেশনের লক্ষ্যে অটোমেশন কর্মসূচি:

সরকারের এটুআই ও শুদ্ধাচার গাইড লাইন বাস্তবায়নে সংস্থার সামগ্রিক কর্মকাণ্ডে তথ্য প্রযুক্তির পূর্ণাঙ্গ ব্যবহার নিশ্চিতকরণ এবং আরও স্বচ্ছতা, জবাবদিহিতা, গতিশীলতা আনয়নে আন্তঃবিভাগীয় যোগাযোগ এবং ই-প্রকিউরমেন্ট চালু করার জন্য অটোমেশন কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে কার্যক্রম চলমান।



১৪। লোকবল (শোর ও এক্সোট):

একনজরে ৩০ শে জুন ২০১৭ তারিখে এবং পূর্ববর্তী ০৪ বছরের সংস্থার কর্মকর্তা/কর্মচারী এবং জাহাজী কর্মকর্তা ও নাবিকের সংখ্যা নিম্নরূপ:

শ্রেণী	৩০শে জুন'২০১৭	৩০শে জুন'২০১৬	৩০শে জুন'২০১৫	৩০শে জুন'২০১৪	৩০শে জুন'২০১৩
শোর:					
কর্মকর্তা:	৪৭ জন	৫১ জন	৫৫ জন	৬৫ জন	৬৬ জন
কর্মচারী:	১৪৮ জন	১০৮ জন	১২৯ জন	১৩৬ জন	১৪০ জন
এক্সোট:					
কর্মকর্তা:	৬৯ জন	১১৫ জন	১০৭ জন	১৭২ জন	২০৮ জন
নাবিক (কর্মরত)	৬৪ জন	২১৪ জন	২২০ জন	৩৩৭ জন	৩৩৭ জন

১৫। প্রশিক্ষণ ও অন্যান্য কার্যাবলী:

১৫.১। সংস্থার জাহাজ বহরের চাহিদা-অনুযায়ী প্রতিবছর মেরিন একাডেমী হতে প্রশিক্ষণপ্রাপ্ত বেশ কিছু সংখ্যক নটিক্যাল ও ইঞ্জিনিয়ারিং ক্যাডেটগণকে নিয়োগ প্রদান করা হয়। তাদেরকে নির্দিষ্ট প্রশিক্ষণসূচি অনুযায়ী জাহাজে ও মেরিন ওয়ার্কশপে "অন দি জব ট্রেনিং" এবং "ফেজ থ্রি" প্রশিক্ষণ দেয়া হয়। এছাড়াও সংস্থার দৈনন্দিন কর্মকাণ্ডে গতিশীলতা আনয়নের লক্ষ্যে সংস্থার কর্মকর্তা-কর্মচারীদের স্ব-স্ব কর্মস্থলের সাথে সামঞ্জস্য রেখে বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানে প্রশিক্ষণ দেয়া হচ্ছে। উল্লেখ্য যে, ইতোমধ্যে নতুন নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাদের মধ্য থেকে ৫ (পাঁচ) জন কর্মকর্তা ওয়ার্ল্ড মেরিটাইম ইউনিভার্সিটি (ডব্লিউএমইউ) সুইডেন হতে মেরিটাইম অ্যাফেয়ার্স-এর উপর পোস্ট গ্রাজুয়েট কোর্স সফলতার সাথে সম্পন্ন করে কর্মক্ষেত্রে যোগদান করেছেন। এছাড়াও গত বছর মেরিন একাডেমির ১৩ জন পুরুষ এবং ১৯ জন মহিলা ক্যাডেটদেরকে এক বছর মেয়াদী প্রশিক্ষণ দেয়া হয়েছে। তদুপরি বেসরকারী মেরিন একাডেমির ক্যাডেটগণকে সংস্থার জাহাজে ও ওয়ার্কশপে মাঝে মাঝে বিভিন্ন ধরনের প্রশিক্ষণ দেয়ার ব্যবস্থাও করা হয়ে থাকে।

১৫.২। এছাড়া, সংস্থার বাণিজ্যিক ও দাপ্তরিক কাজে গতিশীলতা, স্বচ্ছতা, জবাবদিহিতা ও নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষে সরকারের সাথে বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি, জাতীয় নৈতিকতা ও শুদ্ধাচার নীতিমালার সাথে সামঞ্জস্য রেখে কর্মকর্তা-কর্মচারীদের অবগতির জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা, কর্মস্থলে যথাসময়ে উপস্থিতি নিশ্চিতকরণের লক্ষ্যে প্রযুক্তির সহায়তা গ্রহণ, বিএসসিতে আগত অতিথিদের যথাযথ অভ্যর্থনা প্রদানের লক্ষ্যে সুসজ্জিত ফ্রন্টডেস্ক স্থাপন, নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে সিসি ক্যামরাসহ কর্মকর্তা-কর্মচারীদের স্বাস্থ্য-সুরক্ষার জন্য সময়োপযোগী বিভিন্ন পদক্ষেপ নেওয়া হয়েছে।

১৬। বিএসসি'র ঋণ ও ইক্যুইটির হার:

সরকার বিএসসি'র জন্য ঋণ ও ইক্যুইটির অনুপাত ৬৭:৩৩ এর স্থলে ৬০:৪০ পুনঃ নির্ধারণ করে। ৩০-০৭-২০১৭ তারিখে বিএসসি'র ঋণ ও ইক্যুইটির অনুপাত ছিল ৮:৯২।

১৭। গুরুত্বপূর্ণ আর্থিক তথ্যাদি: (লক্ষ টাকায়)

বিবরণ	২০১৬-২০১৭	২০১৫-২০১৬
পরিচালন খাতে আয়	৫৬৩,৫৮২,৬৩৯	৪৭৬,২৫৭,১৬৬
অন্যান্য পরিচালন খাতে আয়	২৫৭,৯৩০,৫০৮	২২০,৯০৯,৩১২
অপরিচালন খাতে আয়	৩৪৩,৯১৮,৪৯৬	৪৬৫,৪২৭,৩১৭
পরিচালন ব্যয়	(৫৪৪,৯৪৯,৩৬৯)	(৭৩১,৪৪৯,৬৯৩)
প্রশাসনিক খরচ	(৫১৫,৩১৮,২৭৭)	(৩৪৬,৮১৯,৪১৯)
সুদ/অর্থায়ন বাবদ খরচ	(৯,১৩৯,৭৩৯)	(৯,১৩৯,৭৩৯)
কর পূর্ববর্তী মুনাফা	৯৬,০২৪,২৫৮	১০০,৭০২,৯০০
কর সঞ্চিতি (কর্পোরেট)	(২৪,০০৬,০৬৪)	(২৫,১৭৫,৭২৫)
বিলম্ব কর সঞ্চিতি	১৪,৫৪৮,১৪৮	(৮,৩০০,৫৫১)
কর পরবর্তী মুনাফা	৮৬,৫৬৬,৩৪১	৬৭,২২৬,৬২৪
শেয়ারহোল্ডারদের তহবিল (লক্ষ টাকায়)	৮০,৩৮৭.৫৩	৮৩,০৭০.৬২
শেয়ার প্রতি আয় (টাকায়)	০.৬২	০.৪৯
নীট সম্পদ (টাকা)	৫২.৭০	৬১.০০

সরকারি কোষাগারে অর্থ প্রদান:

আলোচ্য বছরে উৎসে কর্তনকৃত মূসক, শুল্ক, আয়কর ও অগ্রিম আয়কর বাবদ মোট ৪ কোটি ২০ লক্ষ ৮০ হাজার টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করেছে।



১৮। আরপিও হতে সংগৃহীত তহবিলের ব্যবহার:

Repeat Public Offer (RPO)-এর মাধ্যমে সংগৃহীত ৩১৩,৭০,৭১,৪৮৯/- (তিনশত তেরো কোটি সত্তর লক্ষ একাত্তর হাজার চারশত উনানব্বই) টাকা দিয়ে প্রস্পেক্টাসে উল্লেখিত জাহাজ সংগ্রহ-সংক্রান্ত প্রকল্পসমূহের বাস্তবায়ন কাজ প্রক্রিয়াধীন আছে। সমস্ত কার্যক্রম চূড়ান্তভাবে নির্ধারণ হওয়ার পরই এ'খাতে অর্থব্যয় শুরু হবে।

৩৪তম বার্ষিক সাধারণ সভায় ঢাকাস্থ ২৫ তলা ভবন নির্মাণের খরচসহ চট্টগ্রাম ও খুলনায় বিএসসি'র নিজস্ব জমিতে বহুতল ভবন নির্মাণসহ অন্যান্য অবকাঠামোগত উন্নয়ন খাতে এবং শেয়ার-সংক্রান্ত যাবতীয় ব্যয় যেমন: সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশনের অনুমোদন ফি, সরকারি ট্যাক্স, ইস্যু ম্যানেজার ও পোষ্ট ইস্যু ম্যানেজারের বিল, আন্ডাররাইটিং কমিশন ইত্যাদি খাতের যাবতীয় ব্যয় আরপিও'র তহবিল হতে পরিশোধ করার অনুমোদন নেয়া হয়, যা বিএসইসিসহ সংশ্লিষ্টদের অবহিত করা হয়েছে ।

তৎপ্রেক্ষিতে ঢাকাস্থ ২৫ তলা বিএসসি টাওয়ারের নির্মাণব্যয় বাবদ টাকা= ৫৭৮,৩০৯,০০০/- (সাতান্ন কোটি তিরাশি লক্ষ নয় হাজার) মাত্র এবং ৬২.৭৪ লক্ষ শেয়ার বাজারজাতকরণ খাতে টাকা= ১৭৯,৩৬০,৯৭৭/- (সতেরো কোটি তিরানব্বই লক্ষ ষাট হাজার নয়শত সাতাত্তর মাত্র) ব্যয় করা হয়েছে, যার মধ্যে সরকারী কর পরিশোধ করা হয়েছে প্রায় ১৪ কোটি টাকা। উল্লিখিত খাতসমূহে ৩০-০৬-২০১৬ তারিখ পর্যন্ত সর্বমোট টাকা= ৭৫৭,৬৬৯,৯৭৭/- (পঁচাত্তর কোটি ছিয়াত্তর লক্ষ উনসত্তর হাজার নয় শত সাতাত্তর টাকা) মাত্র ব্যয়ের প্রেক্ষিতে RPO-ফান্ডে ৩০-০৬-২০১৭ তারিখ টাকা = ২,৩৭৯,৩৩০,০২৩/- (দুই শত সাইত্রিশ কোটি তিরানব্বই লক্ষ ত্রিশ হাজার তেঁইশ) টাকা মাত্র জমা রয়েছে।

১৯। সম্ভাব্য ঝুঁকি ও উদ্বেগসমূহ:

বাংলাদেশ শিপিং কর্পোরেশনের বাণিজ্যিক কর্মকাণ্ডের সাথে বিভিন্ন প্রকার অভ্যন্তরীণ ও বহিঃস্থ ঝুঁকির সংশ্লিষ্টতা প্রতীয়মান হয়। কর্পোরেশনের অর্থায়ন ও বিনিয়োগ, বহরে জাহাজের সংখ্যা বৃদ্ধি ও সংরক্ষণ, বৈদেশিক মুদ্রার লেনদেন, আমদানীকারক ও রপ্তানীকারকদের ব্যবসায়, সরকারের আর্থিক নীতি, প্রতিবেশী রাষ্ট্রসমূহের আমদানী-রপ্তানী নীতি ও প্রবণতা ইত্যাদি কর্পোরেশনের ব্যবস্থাপনাকে সিস্টেমেটিক এবং আনসিস্টেমেটিক সুদের হার-সংশ্লিষ্ট ঝুঁকি, বৈদেশিক মুদ্রার বিনিময় হার-সংশ্লিষ্ট ঝুঁকি, শিপিং শিল্প-সংশ্লিষ্ট ঝুঁকি, বাজার-সংশ্লিষ্ট ঝুঁকি, প্রযুক্তিগত পরিবর্তন-সংশ্লিষ্ট ঝুঁকি ইত্যাদি সম্পর্কে সদা-সতর্ক থাকতে প্রভাবিত করে। কর্পোরেশনের জাহাজ পরিচালনায় এসকল ঝুঁকি মোকাবেলা বা ঝুঁকি উপাদান নিয়ন্ত্রণের জন্য প্রয়োজনীয় সময়ানুগ সিদ্ধান্ত, কৌশল ও পদক্ষেপ গ্রহণ করতে হয়। ঋণের উপর নির্ভরতা কমিয়ে ইক্যুইটির মূলধনের ব্যবহার, দেশের বাইরে বৈদেশিক মুদ্রা হিসাব পরিচালনা, সময়নিষ্ঠতার মাধ্যমে সেবার গুণগত মান উন্নয়ন ও ব্র্যান্ডিংয়ের মাধ্যমে আমদানী-রপ্তানীকারকদের আস্থা বৃদ্ধিকরণ, প্রযুক্তিগত পরিবর্তনের সাথে খাপ খাইয়ে পরিচালনার মান উন্নয়ন, প্রত্যক্ষ ব্যয় হ্রাসকরণ ইত্যাদি কর্পোরেশনের ঝুঁকি ব্যবস্থাপনা কৌশলের মধ্যে উল্লেখযোগ্য।

২০। শিপিং শিল্পে বিএসসি'র ভবিষ্যৎ:

শিপিং শিল্প একটি দেশের আমদানী-রপ্তানী বাণিজ্যের মাধ্যমে দেশের সামগ্রিক উন্নয়নে মুখ্য ভূমিকা পালন করে এবং আমদানী-রপ্তানী বাণিজ্য'কে ত্বরান্বিত করে। শিপিং শিল্পকে আন্তর্জাতিক আমদানী-রপ্তানী বাণিজ্যের লাইফ-লাইনও বলা হয়। বিশ্বের মোট বাণিজ্যে'র প্রায় ৯০% পণ্য নৌ-পথের মাধ্যমে পরিবাহিত হয়। সময়ের সাথে সাথে জনসংখ্যা ও জীবনযাত্রার মানোন্নয়ন ও অর্থনৈতিক প্রবৃদ্ধির সাথে বিশ্বব্যাপী আমদানী-রপ্তানী বাণিজ্য প্রতিবছরই উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পাচ্ছে। এরই ধারাবহিকতায় শিপিং সেক্টরেও নতুন নতুন নৌ-রুটে জাহাজ চলাচলের ব্যাপ্তি ঘটছে। বর্তমান প্রতিযোগিতামূলক আন্তর্জাতিক বাণিজ্যে দক্ষিণ-পূর্ব এশিয়া অঞ্চলে জাহাজ পরিচালনাকারী প্রতিষ্ঠান হিসেবে বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি) এ-শিল্প সম্ভাবনাময় অবস্থানে রয়েছে। জাতীয় পতাকাবাহী সরকারী সংস্থা হিসেবে বিএসসি প্রতিবেশী-দেশসহ এই অঞ্চলের অন্যান্য দেশ নৌ-বাণিজ্য চুক্তি'র আওতায় বিশেষ সুবিধা প্রাপ্য। এছাড়া চীন, ভারত ইত্যাদি উদীয়মান শিল্পোন্নত দেশসমূহ ভৌগোলিকভাবে সুবিধাজনক অবস্থানে হওয়ায় বর্তমান অর্থনৈতিক প্রবৃদ্ধি'তে নৌ-বাণিজ্যে'র বিপুল সম্ভাবনা রয়েছে। এছাড়া বাংলাদেশ, মিয়ানমার, থাইল্যান্ড, ভিয়েতনাম ও কম্বোডিয়াসহ উন্নয়নশীল দেশসমূহ ব্যাপক উন্নয়ন কর্মকাণ্ড হাতে নেয়ায় বিশ্বের বিভিন্ন জাহাজ পরিচালনাকারী প্রতিষ্ঠানসমূহ এ-অঞ্চলে'র নৌ-বাণিজ্যে বিশেষ আগ্রহী হয়ে উঠছে। অতএব, বাণিজ্যিক সুযোগ ও কৌশলী সিদ্ধান্ত কাজে লাগিয়ে শিপিং শিল্পে বিএসসি প্রবল সম্ভাবনাময় এক প্রতিযোগী। অধিকন্তু, সম্প্রতি সরকারের Blue Economy/ Ocean Economy-এর উপর গুরুত্ব আরোপ করার ফলে বাংলাদেশ শিপিং কর্পোরেশনের কর্মপরিধি আরো বৃদ্ধির সম্ভাবনা সৃষ্টি হয়েছে। এ বিষয়ে আরো উল্লেখ্য যে, বর্তমান সরকার রূপকল্প ২০২১ এবং ২০৪১-কে সামনে রেখে বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কয়েকটি কয়লা ভিত্তিক তাপবিদ্যুৎ কেন্দ্র নির্মাণের কার্যক্রম গ্রহণ করেছে। প্রকল্পগুলোর প্রতিটিতে দৈনিক প্রায় ৪৫০০০ মে. ট. কয়লার প্রয়োজন হবে। এছাড়া প্রাকৃতিক গ্যাসের অভ্যন্তরীণ উৎস ক্রমান্বয়ে হ্রাস পাওয়া এবং এর ক্রমহ্রাসমান চাহিদা বৃদ্ধির প্রেক্ষিতে চলমান উন্নয়নের

ধারাবাহিকতা বজায় রাখার লক্ষ্যে রাষ্ট্র কর্তৃক উল্লেখযোগ্য পরিমাণ এলএনজি আমদানী করতে হবে। রাষ্ট্রীয় প্রতিষ্ঠান হিসেবে বিএসসি উক্ত কয়লা ও এলএনজি পরিবহনে উল্লেখযোগ্য ভূমিকা রাখবে।

২২। আর্থিক বিবরণী প্রণয়ন ও নিরীক্ষা:

Bangladesh Accounting Standard (BAS) এবং Bangladesh Financial Reporting Standard (BFRS)-অনুযায়ী ২০১৬-১৭ অর্থবছরের জন্য বাংলাদেশ শিপিং কর্পোরেশনের আর্থিক বিবরণী প্রণয়ন করা হয়। বাংলাদেশ সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) কর্তৃক জারীকৃত কর্পোরেট গভর্নেন্স গাইডলাইন্স-এর ৬ নং শর্ত-অনুসারে কর্পোরেশনের আর্থিক বিবরণী সম্পর্কে একটি প্রত্যয়নপত্র কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা (ব্যবস্থাপনা পরিচালক) ও প্রধান অর্থ কর্মকর্তা (পরিচালক অর্থ) পরিচালনা পর্ষদে উপস্থাপন করেছেন। ২০১৬-২০১৭ অর্থবছরের জন্য প্রণীত আর্থিক বিবরণী ও হিসাব-নিকাশ মেসার্স আহ্‌মেদ জাকের এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস এবং মেসার্স মাহফিল হক এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস কর্তৃক যৌথভাবে নিরীক্ষিত হয়েছে।

২৩। নিরীক্ষা প্রতিবেদন-সংক্রান্ত মতামত ও ব্যাখ্যা:

৩০ জুন ২০১৭ তারিখে সমাপ্ত অর্থবছরের নিরীক্ষা প্রতিবেদনে যুগ্ম-নিরীক্ষক মেসার্স আহ্‌মেদ জাকের এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস এবং মেসার্স মাহফিল হক এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস আয়-ব্যয়ের উপর মন্তব্য করেছেন। সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দের সদয় অবগতির জন্য এ-বিষয়ে পরিচালকমণ্ডলীর বক্তব্য আলাদাভাবে সংযুক্তি-ক-তে উল্লেখ করা হয়েছে।

২৪। লভ্যাংশ ঘোষণা:

বাংলাদেশ শিপিং কর্পোরেশনের ২০১৬-২০১৭ অর্থবছরে আয় টাকা ১১৮.০০ কোটি এবং ব্যয় টাকা ১০৯.৩৪ কোটি অর্থাৎ নীট লাভ টাকা ৮.৬৬ কোটি। এ নীট মুনাফা অতি সামান্য সত্ত্বেও বিনিয়োগকারীদের স্বার্থ বিবেচনা করে গত ০৩-০১-২০১৮ খ্রি. তারিখে অনুষ্ঠিত বিএসসি বোর্ড অব ডাইরেক্টরস-এর ২৯৪তম সভায় সম্মানিত শেয়ারহোল্ডারদের লভ্যাংশ হিসেবে ১০% হারে ক্যাশ লভ্যাংশ (ক্যাশ ডিভিডেন্ট) প্রদানের সুপারিশ করা হয়।

২৫। আর্থিক বিবরণী প্রণয়ন ও পরিবীক্ষণ-সম্পর্কিত বিবৃতি:

কর্পোরেশনের পরিচালকমণ্ডলী কর্পোরেশনের হিসাব-নিকাশ সুষ্ঠুভাবে সংরক্ষণ এবং আর্থিক বিবরণী প্রণয়ন ও পরিবীক্ষণের বিষয়ে দায়বদ্ধ। বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি)-এর নির্দেশনা মোতাবেক কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক এবং প্রধান হিসাব কর্মকর্তা হিসেবে সংস্থার নির্বাহী পরিচালক (অর্থ) যৌথভাবে একটি প্রত্যয়নপত্র পরিচালকমণ্ডলীর নিকট উপস্থাপন করেছেন (যা এ-প্রতিবেদনে পৃথকভাবে প্রদর্শিত হয়েছে)। আর্থিক বিবরণী প্রণয়ণ ও পরিবীক্ষণ বিষয়ে পরিচালকমণ্ডলী নিশ্চিত করছে যে,

(ক) প্রস্তুতকৃত আর্থিক বিবরণীতে কর্পোরেশনের কর্মকাণ্ড, কার্যক্রমের ফলাফল, নগদ অর্থের প্রবাহ এবং ইক্যুইটির পরিমাণ পরিবর্তন সম্পর্কে যথার্থ চিত্র উপস্থাপিত হয়েছে;

(খ) কর্পোরেশনের হিসাব-বহিসমূহ যথাযথভাবে সংরক্ষণ করা হয়েছে;

(গ) আর্থিক বিবরণীসমূহ প্রস্তুতকরণের ক্ষেত্রে যথাযথ হিসাবরক্ষণ পদ্ধতি প্রয়োগ করা হয়েছে এবং যুক্তিসঙ্গত ও প্রাজ্ঞ বিচারবোধের ভিত্তিতে বিভিন্ন হিসাবের প্রাক্কলন করা হয়েছে;

(ঘ) আর্থিক বিবরণীসমূহ প্রস্তুতকরণের ক্ষেত্রে যথাযথ ইন্টারন্যাশনাল একাউন্টিং স্ট্যান্ডার্ডসমূহ ও বাংলাদেশের একাউন্টিং স্ট্যান্ডার্ড সমূহ অনুসরণ করা হয়েছে;

(ঙ) কর্পোরেশনে সুষ্ঠু ইন্টারনাল কন্ট্রোল সিস্টেম বিদ্যমান এবং তা যথাযথভাবে বাস্তবায়ন ও পরিবীক্ষণ করা হয়েছে; এবং

(ছ) একটি চলমান প্রতিষ্ঠান হিসেবে কার্যক্রম অব্যাহত রাখতে কর্পোরেশনের সামর্থ্যের ব্যাপারে কোনো সংশয় নেই।

২৬। মামলার বিবরণ:

২০১৬-২০১৭ অর্থবছরে দেশী আদালতে ২৩১টি মামলা বিচারাধীন ছিল। উক্ত সময়ে দেশী আদালতে ১৪টি মামলা নিষ্পত্তি হয়।

২৭। সংশ্লিষ্ট পক্ষ (Related Party)-সমূহের সাথে লেনদেনের ভিত্তি:

সংস্থার স্বাভাবিক কার্যক্রম পরিচালনার স্বার্থে বীমা ও জাহাজ মেরামতের বিপরীতে বিএসসি মেরিন ওয়ার্কশপ ও সাধারণ বীমা কর্পোরেশনের সাথে সম্পাদিত লেনদেনসমূহ "Related Party" হিসেবে আর্থিক বিবরণীর নোট অনুঃ ৩১-এ বর্ণিত হয়েছে।

২৮। পরিচালকমণ্ডলীর সভা ও পরিচালকগণের উপস্থিতি:

৩০ জুন ২০১৭ তারিখে সমাপ্ত বছরে কর্পোরেশনের পরিচালকমণ্ডলীর ০৪টি সভা অনুষ্ঠিত হয়েছে। পরিচালকমণ্ডলীর সভাসমূহে পরিচালকগণের উপস্থিতি ছিল নিম্নরূপ:


